# জুলাইয়ের চেতনা নিয়ে বিভাজন ঠেকাতে হবে: তথ্যমন্ত্রী



তথ্যমন্ত্রী জহির উদ্দীন স্বপন। ছবি: সংগৃহীত

জুলাই আন্দোলনের ঐক্য ও চেতনা অক্ষুণ্ন রাখতে তরুণ সমাজের প্রতি সতর্ক থাকার আহ্বান জানিয়েছেন তথ্যমন্ত্রী জহির উদ্দীন স্বপন। তিনি বলেন, বিভ্রান্তিকর বক্তব্য বা অপপ্রচারের মাধ্যমে যেন কেউ এই ঐক্য নষ্ট করতে না পারে, সে বিষয়ে সবাইকে সচেতন থাকতে হবে।

শনিবার (১ আগস্ট) দুপুরে জুলাই শহীদ পরিবার অ্যাসোসিয়েশনের আয়োজিত 'রিমেম্বারিং জুলাই' অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

মন্ত্রী বলেন, গণতন্ত্র ও জাতীয় ঐক্যের বিরুদ্ধে যেকোনো অপচেষ্টা চিহ্নিত করতে হবে। দেশ, গণতন্ত্র ও মানবতার জন্য যারা আত্মত্যাগ করেছেন, তাদের অবদান সমান মর্যাদায় স্মরণ করা উচিত।

তিনি আরও বলেন, সামাজিক যোগাযোগমাধ্যমে মুক্তিযুদ্ধ ও জুলাইয়ের চেতনা নিয়ে বিভাজন সৃষ্টির অপচেষ্টা প্রতিহত করতে তরুণদের সক্রিয় ভূমিকা রাখতে হবে।

অনুষ্ঠানে শহীদ পরিবার ও আহতদের চিকিৎসা এবং পুনর্বাসন নিয়ে উত্থাপিত অভিযোগের বিষয়ে তথ্যমন্ত্রী বলেন, বিচারপ্রক্রিয়ায় কেউ বাধা সৃষ্টি করলে তা জনগণ মনে রাখবে।

LENS ASIA